দৈনিক ইত্তেফাক

তারিখ ... OCT 1 0 1999 ...
পৃষ্ঠা ... কলাম ...

## আইইআর-এ ছাত্র ধর্মঘট প্রত্যাহার

ঢাকা বিশ্ববিদ্যালয় হইতে সংবাদদাতা ॥ ঢাকা বিশ্ববিদ্যালয়ের শিক্ষা ও গবেষণা ইনষ্টিটিউটের ছাত্র-ছাত্রীদের লাগাতার ধর্মঘট প্রত্যাহার করা হইয়াছে। গতকাল (শনিবার) ঐ ইনষ্টিটিউটের ছাত্র-ছাত্রীর সহিত শিক্ষকদের ৩ ঘন্টাব্যাপী

(১৫শ পৃষ্ঠায় ৩-এর কঃ দ্রঃ)

## আইইআরে ছাত্র

(শেষ পৃষ্ঠার পর)

বৈঠকে ধর্মঘট প্রত্যাহারের সিদ্ধান্ত গ্রহণ করা হয়। ইনষ্টিটিউটের অডিটোরিয়ামে বৈঠকে ছাত্র-ছাত্রীদের দাবী-দাওয়া মানিয়া লওয়া হয় এবং পরীক্ষা নিয়ন্ত্রক ডঃ পরিমল কুমার সাহার বিরুদ্ধে যে সব অভিযোগ তাহা তদন্ত করা হইবে বলিয়া শিক্ষকরা ছাত্র-ছাত্রীদের আশ্বাস দেন। এই মাসের ৩০ তারিখের মধ্যে পরীক্ষা নিয়ন্ত্রক পরিমল কুমার সাহা পদত্যাগ না করিলে পুনরায় আন্দোলন শুরু হইবে বলিয়া সাধারণ ছাত্র-ছাত্রীরা জানায়।